

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



আপনি কী জানেন তা প্রদর্শনের একটি সুযোগ

প্রিয় নিউ ইয়র্কবাসী,

এই স্প্রিং-এ (বসন্ত)-এ, 3-8 গ্রেডের শিক্ষার্থীরা ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ইংরেজি ভাষা শৈলী) এবং ম্যাথ (গণিত)-এ নিউ ইয়র্ক স্টেট পরীক্ষায় অংশগ্রহণ করবে। পঞ্চম এবং অষ্টম গ্রেডের শিক্ষার্থীরাও তাদের স্টেট সায়েন্স (বিজ্ঞান) পরীক্ষায় অংশগ্রহণ করবে। আমরা সকলেই জানি যে "পরীক্ষার মৌসুম" আমাদের শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবারদের জন্য অনেক ধরনের অনুভূতি বয়ে আনে। এটা একটি মানসিক চাপযুক্ত সময় হতে পারে!

তবে এসব পরীক্ষাকে অন্যভাবে চিন্তা যায়—সেটা হলো আমাদের ছেলেমেয়েরা কী জানে, তাদের জন্য সেটা প্রদর্শনের একটি সুযোগ হিসেবে। দিনের পর দিন, তারা তাদের শিখনে কঠিন পরিশ্রম করে যাচ্ছে। তারা NYC রিডস্-এর মাধ্যমে ডিকোডিং (পাঠোদ্ধার) চর্চা করেছে এবং ধ্বনিতাত্ত্বিক সচেতনতা তৈরি করেছে। তারা ম্যাথ (গণিত) ক্লাসে সমস্যা-সমাধান দক্ষতা গড়ে তুলেছে এবং সায়েন্স (বিজ্ঞান) ক্লাসে পরীক্ষা-নীরিক্ষা করেছে। তারা সোশ্যাল স্টাডিজ (সমাজ পাঠ)-এ বাস্তব-দুনিয়ার সমস্যাসমূহের মোকাবেলা করেছে। তারা তৈরি! গত বছর, আমাদের ফলাফল [সম্ভাবনাময় উন্নতি](#) প্রদর্শন করেছে, এবং আমি 2024-এ সেই ধারা অব্যাহত থাকতে দেখার জন্য উদ্বীণ।

পরিবার এবং স্টাফ, আপনারা কীভাবে এই স্প্রিং-এ (বসন্তে) আমাদের শিক্ষার্থীদেরকে সহায়তা করতে পারেন? এখানে কিছু ধারণা দেয়া হলো:

- **তাদেরকে সাফল্যের জন্য প্রস্তুত করুন।** পরীক্ষা পর্যন্ত শিক্ষার্থীদের রাতের ঘুম ভালো হওয়া এবং বাড়িতে বা স্কুলে ব্রেকফাস্ট খাওয়া নিশ্চিত করুন। এটি যে তাদের উৎকর্ষ অর্জনের সময়, সেটার উপর জোর দিন। পরীক্ষার আগে তাদেরকে প্রচুর উৎসাহ দিন—তাদের ডেস্কে একটি পোস্ট-ইট নোট, একটি পুনরায় নিশ্চিতকারী হাই-ফাইভ, অথবা একটি প্রাণবন্ত উদ্দীপনামূলক কথা অনেক দূর যেতে পারে।
- **এই পরীক্ষাগুলো কী করার জন্য, এবং সেগুলো কী করার জন্য নয় সে সম্পর্কে তাদেরকে মনে করিয়ে দিন।** এই পরীক্ষাগুলো আমাদের শিক্ষার্থীদের অগ্রগতি এবং আমরা তাদেরকে কীভাবে সহায়তা করতে পারি সে সম্পর্কে আমাদের স্কুলগুলোকে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে, কিন্তু সেগুলোই একমাত্র মাপকাঠি নয়। গ্রেড, ক্লাসওয়ার্ক, লেখার নমুনা, এবং অন্যান্য অ্যাসাইনমেন্টও একই রকম গুরুত্বপূর্ণ।
- **পঞ্চম (5) এবং অষ্টম (8) গ্রেডের শিক্ষার্থীদেরকে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার জন্য প্রস্তুত করুন।** স্টেটব্যাপী অনলাইন পরীক্ষায় একটি ত্রিবার্ষিক উত্তরণের প্রথম পর্যায় হিসেবে, কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় এই পরিবর্তনটি স্টেট থেকে একটি আবশ্যিকতা। স্কুলগুলো অন্যান্য গ্রেডের জন্যও অনলাইন পরীক্ষার ব্যবস্থা করতে বেছে নিতে পারে। যেকোনো ভাবেই, আমাদের শিক্ষার্থীরা প্রস্তুত; সবগুলো অংশগ্রহণকারী গ্রেড এবং স্কুল জানুয়ারিতে স্টেটব্যাপী অনুশীলনী পরীক্ষার অংশ হিসেবে একটি কৃত্রিম (সিমুলেশন) পরীক্ষায় অংশ নিয়েছে। শিক্ষার্থীরা চাইলে এটির অনুশীলন তার [নিজেরা নিজেরাও](#) করতে পারে।

এই বছরের পরীক্ষাগুলোর উপর আরো তথ্যের জন্য, আমাদের [শিক্ষার্থীর অংশগ্রহণের নির্দেশিকা](#) এবং স্টেটের [পিতামাতার রিসোর্সসমূহ](#) দেখুন। এবং মনে রাখবেন, এই পরীক্ষাগুলো একটি স্কোরের চাইতেও বড় কোনো কিছুর জন্য প্রয়োজন। শিক্ষার্থীরা কী জানে, সেটা প্রদর্শনের জন্য এগুলো হলো সুযোগ এবং প্রাপ্তবয়স্ক হিসেবে, আমরা আমাদের ছেলেমেয়েদেরকে দৃঢ় ভবিষ্যতের জন্য ভালভাবে শুরুর পথ দেখাচ্ছি, সেটা নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণের আস্থান।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।